

কমিউনিটি শিক্ষকদের স্পষ্ট ঘোষণা দাবি না মানলে বিদ্যালয়ে তালা বুলবে

যাযাবি রিপোর্ট

প্রবাসীদের সীমাহীন উৎসাহের এ সময়ে মাত্র ১ হাজার ২০০ টাকার বেতন স্কেল নিয়েই সঙ্কট থাকতে হচ্ছে কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের। দীর্ঘ আন্দোলন ও পুনঃপুন দাবি উত্থাপন করেও কোনো লাভ হয়নি। তাই অবিলম্বে দাবি না মানা হলে ১ জুলাই থেকে আমরা অনশন এবং ৫ জুলাই থেকে ৩ হাজার ৭৭৮টি কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ে তালা খুলিয়ে দেয়ার ঘোষণা দিয়েছেন বাংলাদেশ কমিউনিটি প্রাথমিক শিক্ষক সমিতির নেতারা। গতকাল এক বিবৃতির মাধ্যমে এ ঘোষণা দেয়া হয়।

দাবি না মানলে বিদ্যালয়ে

(প্রথম পৃষ্ঠার পর)

সংগঠনের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের প্রচার সম্পাদক এ কে এম এমদাদ স্বাক্ষরিত এ বিবৃতিতে বলা হয়, লক্ষ্যজনক বেতন-ভাতার পরিবর্তে জাতীয় বেতন স্কেলের পূর্ণাঙ্গ সুযোগ-সুবিধা আমাদের প্রাপ্য। তাই মূল ও দাবিসহ মোট পাঁচ দফা দাবি আমাদের লক্ষ্যে আমরা আমরা অনশনের সিদ্ধান্ত নিয়েছি। ১ জুলাই থেকে আমাদের অনশন শুরু হবে। এছাড়া ৫ জুলাই থেকে দেশের ৩ হাজার ৭৭৮টি বিদ্যালয়ে তালা খুলিয়ে দেয়া হবে। কেন্দ্রীয় শহীদ মিনারে অনুষ্ঠিতব্য এ কর্মসূচিতে দেশের মোট ৯৮ হাজার ১৯৮ শিক্ষক অংশ নেবেন। এ লক্ষ্যে শিক্ষকদের বিজ্ঞানপত্র, মশারি ও পলিথিনসহ যোগদানের আহ্বান জানানো হয়েছে।